১০ ব্যক্তি ও ২ প্রতিষ্ঠান পেলেন শেখ কামাল ক্রীড়া পুরস্কার

বাংলাদেশের আধুনিক ফুটবলের অন্যতম পথিকৃৎ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্ম বার্ষিকী আজ। এ উপলক্ষ্যে আজ প্রদান করা হয় ক্রীড়াক্ষেত্রে বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ পদক শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার ২০২৩।

এই নিয়ে তৃতীয়বারের মতো প্রদান করা হলো শেখ কামাল জাতীয় ক্রীড়া পুরস্কার সম্মাননা। জাতীয় ক্রীড়া প্রষদ কর্তৃক প্রদান করা এই পুরস্কার মাঝে বেশ কয়েক বছর বন্ধ থাকলেও গত দুই বছর আগে শেখ কামালের নামে পুনরায় চালু করা হয়।

আজ শনিবার (৫ আগস্ট) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ১০ জন ক্রীড়া ব্যক্তিত্ব ও ২টি প্রতিষ্ঠানের হাতে শেখ কামাল জাতীয় ক্রইড়া পুরস্কার তুলে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. জাহিদ আহসান রাসেল এমপি।

এবার আজীবন সম্মাননা পুরস্কার পেয়েছেন বর্ষীয়ান হকি খেলোয়াড় ও ক্রীড়া সংগঠক আবদুস সাদেক। পশ্চিম পাকিস্তানের নানা বৈষম্যের মধ্যেও সেসময় পূর্ব পাকিস্তান থেকে পাকিস্তান হকি দলে জায়গা করে নিয়েছিলেন আব্দুস সাদেক। এছাড়া আবাহনীর প্রথম ফুটবল অধিনায়কও ছিলেন তিনি। ক্রীড়াক্ষেত্রে অসামান্য অবদানের জন্যই িএ কিংবদন্তীকে দেওয়া হয় আজীবন সম্মাননা।

এবছর খেলোয়ার হিসেবে সম্মাননা পেয়েছেন বাংলাদেশের পেস তারয়াক তাসকিন আহমেদম, সাফজয়ী নারী ফুটবল দলের অধিনায়ক সাবিনা খাতুন ও ভারোত্তোলক জিয়ারুল ইসলাম।

নতুন সংযোজযন হিসেবে এবছর ক্রীড়া ধারাভাষ্যকারের পুরস্কার পেয়েছেন জাতীয় দলের সাবেক ক্রিকেটার এবং আন্তর্জাতিক ক্রিকেট ধারাভাষ্যকার আতাহার আলী খান।

ক্রীড়া সংগঠক কোটায় হকি অঙ্গনে ওস্তাদ ফজলু নামে কোচ ফজলুর রহমান এবং নারী ফুটবলার তৈরির কারিগর, সংগঠক ও কোচ মালা রানী সরকার পেয়েছেন এই পুরস্কার।

উদীয়মান খেলোয়াড় হিসেবে টেবিল টেনিসের হৃদয় ও আরিফুল ইসলাম পেয়েছেন এবারের শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার।

ক্রীড়া সংগঠক হিসেবে এবার পুরস্কার পেয়েছেন হকি অঙ্গনে ওস্তাদ ফজলু নামে পরিচিত কোচ ফজলুর রহমান এবং নারী ফুটবলের অন্যতম সংগঠক ও কোচ মালা রানী সরকার।

ক্রীড়া সাংবাদিকতায় এবছর সম্মাননা পেয়েছেন ফটোগ্রাফার বীর মুক্তিযোদ্ধা খন্দকার তারেক নুরুল্লাহ। এছাড়া সংগঠন হিসেবে এবছর সম্মাননা পেয়েছে বাংলাদেশ আরচারি ফেডারেশন ও বাংলাদেশ ব্যাংকার্স অ্যাসোসিয়েশন।

এক নজরে যারা পেলে শহীদ শেখ কামাল জাতীয় ক্রীড়া পুরস্কার ২০২৩:

আজীবন সম্মাননা: আবদুস সাদেক

খেলোয়াড়/ক্রীড়াবিদ: সাবিনা খাতুন, তাসকিন আহমেদ ও জিয়ারুল ইসলাম

উদীয়মান খেলোয়াড়/ক্রীড়াবিদ: মুহতাসিন আহমেদ হৃদয় ও আমিরুল ইসলাম

ক্রীড়া সংগঠক: মালা রানী সরকার, ফজলুল ইসলাম

ক্রীড়া অ্যাসোসিয়েশন/ফেডারেশন/ক্রীড়া সংস্থা: বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন

ক্রীড়া পৃষ্ঠপোষক/স্পন্সর: বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকস (বিএবি)

ক্রীড়া সাংবাদিক: খন্দকার তারেক মোঃ নুরুল্লাহ

ক্রীড়া ধারাভাষ্যকার : আতাহার আলী খান

সূত্র: ইত্তেফাক

আলমডাঙ্গায় বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবলের ফাইনাল খেলার পুরস্কার বিতরণ

আলমডাঙ্গায় বঙ্গবন্ধু গোল্ডকাপ এবং বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের উপজেলা পর্যায়েরর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। একই মঞ্চে শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মাঝে হুইলচেয়ার, চশমা, হিয়ারিং এইড ও স্ক্র্যাচ বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকালে পাইলট সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের বি-টিম মাঠে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। ফাইনাল খেলায় বালক বিভাগে ভাংবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ১-০ গোলে খাসকররার কায়েকপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়কে পরাজিত জয়লাভ করে। এদিকে বালিকা উদয়ন বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩-০ গোলে ফুলবগাদী সরকারি প্রাথমিক বিদ্যালয়কে পরাজিত করে বিজয়ী হয়েছে ।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার ভারপ্রাপ্ত ও সহকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদরে সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র হাসান কাদির গনু, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহাম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, পৌরসভার প্যানেল মেয়র খন্দকার মজিবুল ইসলাম, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা, উপজেলা রিসোর্চ সেন্টারের ইন্সটেক্টর জামাল হোসেন, পাইলট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা। সহকারি শিক্ষা অফিসার জিএম কামাল হোসেনের উপস্থাপনায় উপস্থিত ছিলেন সহকারি শিক্ষা অফিসার শামীম সুলতান, সহকারি শিক্ষা অফিসার হুমায়ন কবীর, সহকারি শিক্ষা অফিসার রফিকুল ইসলাম, সহকারি শিক্ষা অফিসার বখতিয়ার উদ্দিন, প্রধান শিক্ষক

রকিবুস সালেহীন, মোল্লা ফেরদৌস রিজভী প্রমুখ। উদ্বোধনী খেলা পরিচালনা করেন সহকারি শিক্ষক তহিদ, তবিবুর, আরেফিন কবির রিপন, ফিরোজুল ইসলাম, মামুন, আশরাফুল, হাসাউদ্দৌলা, আকা আজাদ, রিজভী। খেলা ধারাবিবরণী দেন সহকারি শিক্ষক মামুনুজ্জামান ও আহসান হাবীব। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে শেষে একীভ‚ত শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে বিশেষ চাহিদা সম্পন্ন শিমুদের মাঝে হুইলচেয়ার, চশমা, হিয়ারিং এইড ও স্ক্র্যাচ বিতরণ করা হয়। স্কুল পড়–য়া ৭ জনকে হুইলচেয়ার, ২ জনকে হিয়ারিং এইড, একজনকে স্ক্র্যাস ও একজনকে চশমা ক্রয় ও ডাক্তার দেকানোর জন্য নগত টাকা তুলে দেওয়া হয়।

মারা গেছেন পিসিবির সাবেক চেয়ারম্যান ইজাজ বাট

পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) সাবেক চেয়ারম্যান ইজাজ বাট মারা গেছেন। লাহোরে মারা যাওয়া পাকিস্তান ক্রিকেট দলের সাবেক উইকেটরক্ষক ইজাজ বাটের বয়স হয়েছিল ৮৫ বছর। পাকিস্তানের ক্রিকেট ইতিহাসের সবচেয়ে বিশৃঙ্খল ও খারাপ সময়ে পিসিবির দায়িত্ব নিয়েছিলেন বাট। ২০০৮ সালে পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) চেয়ারম্যানের হিসেবে বাটকে দায়িত্ব দেন তৎকালীন রাষ্ট্রপতি আসিফ আলি জারদারি।

বাট দায়িত্ব গ্রহণের পাঁচ মাস পর পাকিস্তানে সফররত শ্রীলঙ্কা ক্রিকেট দল বহনকারী বাসে সন্ত্রাসী হামলায় আট জনের মৃত্যু হয়েছিল। যার কারণে এক দশকেরও বেশি সময় পাকিস্তানের মাটিতে আন্তর্জাতিক ক্রিকেট নিষিদ্ধ হয়ে যায়। বাটের মেয়াদে বেশ কয়েকবার অধিনায়ক পরিবর্তন ও অস্ট্রেলিয়ায় বিধ্বস্ত সফরের পর অনেক খেলোয়াড়ই নিষেধাজ্ঞার কবলে পড়েন। বাট থাকাকালীন ম্যাচ ফিক্সিংয়ে জড়িয়ে পড়েছিলেন মোহাম্মদ আমির, সালমান বাট ও মোহাম্মদ আসিফ। ইংল্যান্ড সফরের ঘটনায় ঐ তিন ক্রিকেটারের বিপক্ষে কঠিন সিদ্ধান্ত নিয়েছিলেন বাট। বিভিন্ন মেয়াদে আমির, সালমান ও আসিফকে নিষিদ্ধ করেছিলো পিসিবি।

২০১১ সাল পর্যন্ত পিসিবির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন বাট। তার জায়গায় দায়িত্ব নেন বর্তমান চেয়ারম্যান জাকা আশরাফ। ১৯৫৯ সালে করাচিতে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে অভিষেকের পর পাকিস্তানের হয়ে ৮টি টেস্ট খেলেন বাট। ১৯৬২ সালে ওভালে ইংল্যান্ডের বিপক্ষে সর্বশেষ টেস্ট খেলেন তিনি। ১৯৮২ সালে অস্ট্রেলিয়া সফরে পাকিস্তান দলের ম্যানেজার ছিলেন বাট। বাটের মৃত্যুতে শোক প্রকাশ করে তার পরিবার ও বন্ধুদের প্রতি সমবেদনা জানিয়েছে পিসিবি। পিসিবি চেয়ারম্যান আশরাফ বলেন, ‘পিসিবির পক্ষ থেকে বাটের দুঃখজনক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছি আমি।’

ঐতিহ্যবাহি লাঠি খেলার আনন্দে মাতোয়ারা পল্লি জনপদের মানুষ

ঢাক ঢোল -খোল ঝুমুর কাশি-লাঠিখেলা ভালবাসি দর্শনায় গ্রাম বাংলার ঐতিহ্যবাহি লাঠি খেলার আনন্দে পল্লি জনপদের মানুষ।

গতকাল বুধবার ২ আগষ্ট দিন ব্যাপি হয়ে গেল গ্রাম বাংলার প্রায় হারিয়ে যাওয়া ঐতিহ্যবাহি লাঠি খেলা।

চুয়াডাঙ্গা জেলার এক মাত্র লোকজ সাংস্কৃতিক সংগঠন দর্শনা বাউল পরিষদের আয়োজনে লাঠি খেলোয়াড়েরা তাদের শারিরীক বিভিন্ন কসরত প্রদর্শন করে।ঢোল খোল ঝুমুর কাশি– আর চড়বড়ি বাদ্যের তালে তালে নেচে নেচে গ্রাম জনপদের সাধারন ও সব বয়সি মানুষের আনন্দের জোয়ারে ভাসিয়ে তোলেন। সাথে উপস্থিত সাধারন ও উৎসুক জনতাও হাতে তালি দিয়ে খেলোয়াড়দেরকে উৎসাহ যোগায়। দর্শনা এলাকার শৈলমারি, উজলপুর, উজলপুর মাঠপাড়া, আকন্দবাড়িয়া, সিংহনগর রাঙিয়ারপোতা গ্রামের চৌরাস্তামোড়,হাটমোড় বড় উঠানে খেলোয়াড়েরা লাঠি খেলা দেখায়। লাঠি খেলা দলের ওস্তাদ পিন্টু ফকির ও খোকা বিশ্বাস জানায় প্রতিবছর শ্রাবন মাসের এই দিনে গুড়ি গুড়ি বৃস্টি উপেক্ষা করে ঐতিহ্যবাহি সংগঠন বাউল পরিষদের সদস্যরা এ অন্চলের মানুষদের বিনোদন দিতে লাঠিখেলা করে থাকেন,যে খেলাটি মানুষের খুবই আনন্দের খোরাক যুগিয়ে থাকে।

দামুড়হুদা আঃ ওদুদ শাহ্ ডিগ্রী কলেজের বাংলা বিভাগের প্রভাষক মিজানুর রহমান মন্ডল ও চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের ভারপ্রাপ্ত অধ্যাক্ষ মুন্সি আবু সাইফ জানান জেলার একমাত্র লোকজ সাংস্কৃতিক সংগঠন “বাউল পরিষদের কর্মি খেলোয়াড়েরা শুধুমাত্র লাঠি খেলা দেখিয়ে এলাকায় বেশ সুনাম অর্জন করেছে।

বাউল পরিষদের সভাপতি ও বাংলাদেশ টেলিভিশনের লোকসংগীত শিল্পী ধীরু বাউল জানালেন সংগঠনটি প্রায় দু যুগ (২৪ বছর) সময় ধরে গ্রামবাংলার হারিয়ে যাওয়া লাঠি খেলা, জারিগান,ঝাপানগান, লালন, বাউল ভাব বিচ্ছেদ সহ লোকসংস্কৃতির বিভিন্ন ধারা নিয়ে সুনামের সাথে চর্চা প্রচার ও প্রসার করে চলেছে।

চুয়াডাঙ্গা শিল্পকলা একাডেমীর সাধারন সম্পাদক মুন্সি আঃ মান্নান জানান সংগঠনটিকে সহযোগিতা ও বাচিঁয়ে রাখতে আমাদের সকলেরই এগিয়ে আসা দরকার, তিনি বলেন ১৯৯৯ সালে স্হাপিত ” মুক্তি যুদ্ধের চেতনায় অবিকল অবিচল” শ্লোগান নিয়ে লোকজ সংগঠন বাউল পরিষদের পথচলা। এখানে সরকারি সাহায্য সহযোগিতার হাত বাড়ানো হলে সংগঠনটি বাংলার আদি সংস্কৃতি ফিরিয়ে আনতে পারবে বলে আমার বিশ্বাস।

বার্সেলোনা ছাড়ার প্রস্তুতি নিচ্ছেন ডেম্বেলে

প্যারিস সেন্ট জার্মেই (পিএসজি) থেকে প্রস্তাব পাওয়ার পর বার্সেলোনা ছাড়ার প্রস্তুতি নিচ্ছেন ওসমানে ডেম্বেলে। কাতালান ক্লাবটির কোচ জাভি হার্নান্দেজ বিষয়টি নিশ্চিত করেছেন। উত্তর আমেরিকায় প্রাক মৌসুম সফরে থাকা স্প্যানিশ ক্লাবের হয়ে গতকাল লাস ভেগাসে এসি মিলানের বিপক্ষে ম্যাচে সাইড বেঞ্চে ছিলেন ২৬ বছর বয়সী ডেম্বেলে। ম্যাচে ১-০ গোলে জয় পায় জাভির শিষ্যরা।

ম্যাচ শেষে স্প্যানিশ টিভিকে কাতালান বস বলেন, ক্লাব ছাড়ার ইচ্ছার কথা বার্সাকে জানানোর পর তাকে সাইড লাইনে পাঠিয়ে দেওয়া হয়েছে। গত সপ্তাহে ডালাসে অনুষ্ঠিত প্রীতি ম্যাচে ডেম্বেলের গোলেই চির প্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদের বিপক্ষে জয়লাভ করেছিল

বার্সেলোনা।

জাভি বলেন, ‘আমি বিষয়টি নিয়ে একেবারেই পরিষ্কার। ডেম্বেলে আমাদের বলেছে, তিনি ক্লাব ছেড়ে দিতে চান। সারসরি জানিয়ে দিয়েছেন যে তিনি পিএসজির কাছ থেকে প্রস্তাব পেয়েছেন। এটি তার ব্যক্তিগত সিদ্ধান্ত।’

তিনি আরও বলেন, ‘বিষয়টি আমার কাছে ব্যক্তিগতভাবে বেশ কষ্টের। কারণ আমরা তাকে অত্যন্ত যত্নের মধ্যে রেখেছিলাম। যাতে সে খুশিতে থাকেন এবং আমাদের দলকে অন্য দলের সঙ্গে পার্থক্য গড়ে দেওয়ার কাজে মনোযোগ দিতে পারে। ডেম্বেলে জানিয়েছে তার কাছে প্রস্তাব এসেছে এবং তিনি আমাদের ছেড়ে যেতে চান। ওই কারণেই আজ (মঙ্গলবার) তাকে খেলানো হয়নি।’

২০১৭ সালে বার্সেলোনায় যোগ দেওয়া ডেম্বেলের চুক্তির মেয়াদ আর মাত্র এক বছর রয়েছে। গতকাল আনসু ফাতির দ্বিতীয়ার্ধে দেওয়া গোলেই জয়লাভ করেছে কাতালান জায়ান্টরা। লাস ভেগাসের অ্যালেজিয়ান্ট স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচের ৫৫ মিনিটে বার্সেলোনার হয়ে জয়সুচক একমাত্র গোলটি করেন ফাতি।

ডেঙ্গুতে আক্রান্ত বাংলাদেশ দলের পেসার হাসান মাহমুদ

কয়েকদিন ধরেই জ্বর হাসান মাহমুদের। জ্বর কিছুটা কমলেও শারীরিক দুর্বলতা ছিল। গত পাঁচ-ছয় দিন জ্বরে ভোগা হাসান মাহমুদের অবস্থা কী, সেটা জানতে তার রক্ত পরীক্ষা করা হয়েছিল। সেই পরীক্ষাতেই জানা গেছে, ডেঙ্গুতে আক্রান্ত বাংলাদেশ জাতীয় দলের এই পেসার।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) একটি সূত্র হাসান মাহমুদের ডেঙ্গুতে আক্রান্ত হওয়ার বিষয়টি নিশ্চিত করেছে।

গতকাল (রবিবার) প্লাটিলেট স্বাভাবিকের চেয়ে কম ছিল। বর্তমান অবস্থা কী, সেটা জানতে আজ (সোমবার) আবার রক্ত পরীক্ষা করানোর

কথা ছিল হাসান মাহমুদের। তবে শারীর কিছুটা সুস্থ বোধ করায় আজ আর পরীক্ষা করানো হয়নি।

সামনেই এশিয়া কাপ। মহাদেশীয় শ্রেষ্ঠত্বের এই লড়াইয়ে বল হাতে পার্থক্য গড়ে দিতে পারেন হাসান মাহমুদ। সে কারণেই এবারের প্রতিযোগিতায় বাংলাদেশ দলের অন্যতম ভরসা তিনি।

এরই মধ্যে মিরপুরে শুরু হয়েছে প্রস্তুতি ক্যাম্প। গত দুই দিন হয়েছে মেডিক্যাল টেস্ট। ৩ আগস্ট হবে ফিটনেস টেস্ট। ফিটনেস ট্রেনিং চলবে ৭ আগস্ট পর্যন্ত। এর পরদিন থেকে শুরু হবে স্কিল অনুশীলন।

সূত্র: ইত্তেফাক

জীবননগরে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ

সোমবার বিকাল ৪ টায় জীবননগর থানা মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে উপজেলা পর্যায়ে”বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার জনাব হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় সংসদ সদস্য চুয়াডাঙ্গা ২ জনাব হাজী আলী আজগার টগর, অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি জনাব মোঃ নজরুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর পৌরসভার মেয়র জনাব মোঃ রফিকুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আঃ সালাম (ইশা),

মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ আয়েশা সুলতানা (লাকী), সাবেক মেয়র জনাব মোঃ জাহাঙ্গীর আলম সহ সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান গণ প্রমুখ। খেলা শেষে প্রধান অতিথি বিজয়ী দলের খেলোয়াড়দের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

যৌথভাবে ২০৩২ ইউরো আয়োজন করতে চায় ইতালি-তুরস্ক

ইতালি ও তুরস্ক যৌথভাবে আয়োজন করতে চায় ২০৩২ ইউরোপীয়ান চ্যাম্পিয়নশীপ। উয়েফা জানিয়েছে দেশ দুটি যৌথভাবে বিডে অংশ নেওয়ার ঘোষণা দিয়েছে । এখনো পর্যন্ত শুধুমাত্র এই একটি বিডের ব্যপারে আগ্রহ দেখা গেছে বলেও উয়েফা জানিয়েছে।

এই দুই দেশের ফুটবল ফেডারেশন যে বিডের জন্য আগ্রহ দেখিয়েছে তার চূড়ান্ত ফল জানা যাবে আগামী ১০ অক্টোবর উয়েফার কার্যনির্বাহী কমিটির সদস্যের ভোটে।

নয় বছর পর ২৪টি দলের ৫১ ম্যাচের এই টুর্নামেন্টে একক স্বাগতিক হিসেবে ঝুঁকি না নিয়ে যৌথ বিডে উয়েফা বেশি আগ্রহী হবে বলে ইতালি ও তুরষ্ক বিশ্বাস করছে। যদিও এক্ষেত্রে ইতালির জন্য কাজটা কিছুটা সময় সাপেক্ষ। সেখানে পুরনো স্টেডিয়ামে সংখ্যা বেশি। দীর্ঘদিন যেখানো কোন সংষ্কারের ছোঁয়া লাগেনি। আমলাতান্ত্রিক জটিলতায় মিলানের সান সিরোর মতো ঐতিহাসিক স্টেডিয়ামের সংষ্কার প্রকল্পে দেখা দিয়েছে ধীরগতি।

অন্যদিকে, বর্তমান রাষ্ট্রপতি রিসেপ তাইয়েপ এরদোয়ানের দুই দশকের রাজনৈতিক নেতৃত্বের অধীনে তুরষ্কে বিশাল নির্মাণ প্রকল্পের আওতায় স্টেডিয়াম ও অবাকাঠামোগুলো প্রায় পুরোপুরি প্রস্তুত হয়ে গেছে।

অন্তত ২০ বছর ধরে তুরষ্ক বিভিন্ন ক্রীড়া ইভেন্ট আয়োজনের বিডে অংশ নিয়েও সফল হতে পারেনি। এ কারণেই এবার তারা যৌথভাবে বিডে অংশ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। গত মাসে ইস্তাম্বুলে উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে ম্যানচেস্টার সিটির সমর্থকরা বিভিন্ন

লজিস্টিক চ্যালেঞ্জের মুখে পড়ায় তুরষ্কের সফলতা নিয়ে প্রশ্ন থেকেই যায়।

উয়েফা জানিয়েছে ২৪ দলের এই টুর্নামেন্টের প্রয়োজনীয় সব চাহিদা বিডে পূর্ণ করা হয়েছে তা নিশ্চিত করতে দুই ফেডারেশনের সঙ্গে কাজ শুরু করবে উয়েফা। ২০২৮ ইউরোর বিডেও অংশ নিয়েছে তুরষ্ক। যদিও এই বিডে যুক্তরাজ্যের চারটি ফেডারেশন ও আয়ারল্যান্ডের জয়ী হওয়ার সম্ভাবনাই বেশি। যুক্তরাজ্য ও আয়ারল্যান্ড যখন ২০৩০ বিশ্বকাপ বিডে অংশ নেওয়ার পরিকল্পনা বাদ দেয় তখনই তাদেরকে ইউরো ২০২৮’র বিডে অংশ নেওয়ার প্রস্তাবে অনুমতি দেয় উয়েফা। ২০৩০ বিশ্বকাপের আয়োজক দেশ ঘোষণা করা হবে আগামী বছর।

আগামী ১০ অক্টোবর নিঁয়নে উয়েফা উভয় ইউরো প্রতিযোগিতার স্বাগতিকের নাম ঘোষণা করবে। ইউরো ২০২৪ এককভাবে জার্মানিতে অনুষ্ঠিত হচ্ছে। ২০১৮ সালের সেপ্টেম্বরে তুরষ্ককে সহজেই ভোটে হারিয়ে জার্মানি এই স্বত্ব লাভ করেছিল।

সূত্র: ইত্তেফাক

লিগ শুরুর আগেই এমবাপ্পেকে দলে চায় রিয়াল

লা-লিগার নতুন মৌসুম শুরুর আগেই কিলিয়ান এমবাপ্পের সঙ্গে চুক্তির বিষয় চূড়ান্ত করতে চায় রিয়াল মাদ্রিদ। স্প্যানিশ ক্লাবের একটি সূত্র ইএসপিএনকে এই তথ্য নিশ্চিত করে জানিয়েছে, এখনো এমবাপ্পে ও পিএসজির সিদ্ধান্তের অপেক্ষায় আছে রিয়াল।

পিএসজি ইতিমধ্যেই জানিয়েছে, আগামী বছর ফ্রি ট্রান্সফার এড়ানোর জন্য এমবাপ্পেকে এবারের গ্রীষ্মেই তারা ছেড়ে দিতে চায়। কিন্তু নতুন মৌসুম শুরুর দুই সপ্তাহ বাকি থাকলেও দুই ক্লাবের মধ্যে এ ব্যাপারে এখনো কোন চূড়ান্ত আলোচনা হয়নি।

পিএসজি যদি আলোচনা শুরু করতে আগ্রহ দেখায় তবে মাদ্রিদও এই

চুক্তির বিষয়ে প্রস্তুত আছে। স্প্যানিশ জায়ান্টরা জানে এমবাপ্পেকে দলে নিতে হলে তাদের অন্তত ২০০ মিলিয়ন ইউরোর উপর ব্যয় করতে হবে। একই সঙ্গে অন্যান্য আনুষাঙ্গিক আরও ব্যয় রয়েছে। রিয়াল চাচ্ছে ২০২৯ সাল পর্যন্ত এমবাপ্পের সঙ্গে ছয় বছরের চুক্তি করতে।

স্প্যানিশ গণমাধ্যমের দাবি পিএসজি এমবাপ্পের জন্য ২৫০ মিলিয়ন ইউরো হাঁকিয়েছে। প্যারিসের ক্লাবটি আলোচনার মাধ্যমে এর থেকে কম অর্থও শেষ পর্যন্ত মেনে নিবে। পিএসজি বর্তমানে বার্সেলোনা থেকে ওসমানে ডেম্বেলের সম্ভাব্য চুক্তি নিয়ে আলোচনা চালিয়ে যাচ্ছে।

এর আগে, মাদ্রিদ এমবাপ্পের জন্য ২০২৪ সাল পর্যন্ত অপেক্ষা করার প্রত্যাশা করেছিল। কিন্তু আগামী বছর প্রিমিয়ার লিগের যেকোনো ক্লাব এমবাপ্পের প্রতি আগ্রহী হয়ে উঠতে পারে, এমন আশঙ্কায় আর ঝুঁকি নিতে চায়নি মাদ্রিদ। চুক্তির বিষয়ে ক্লাবের পক্ষ থেকে অবশ্য সরাসরি কেউই কিছু বলছে না।

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদায় জয়রামপুর ইউথ ক্লাব আয়োজিত ফুটবল টুর্ণামেন্টের উদ্বোধন

একমাত্র খেলা-ধুলায় পারে যুবসমাজকে মাদক থেকে দূরে রাখতে সেই উপলক্ষে দামুড়হুদার জয়রামপুর ইউথ ক্লাব আয়োজিত তপন স্মৃতি ফুটবল টুর্ণামেন্টের উদ্বোধন করা হয়েছে।

আজ শনিবার বেলা ৪ টায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর ইউথ ক্লাব মাঠে। এ খেলায় মোট ১৬টি দল অংশগ্রহণ করবে সম্পূর্ণ খেলা নকআউট ভিত্তিতে হবে। উদ্বোধনী ম্যাচে মাধবপুর একাদশ বনাম লাবিব স্পোর্টিং ক্লাব চুয়াডাঙ্গা অংশ গ্রহণ করে। খেলায় মাধবপুর একাদশকে ট্রাইবেকারে ৪-৩ গোলে হারিয়ে লাবিব স্পোর্টিং ক্লাব চুয়াডাঙ্গা জয়লাভ করে।

জয়রামপুর ইউথ ক্লাব সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে: প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, এক সময় আমাদের দেশের খেলা-ধুলার মান খুবই খারাপ ছিলো। মাননীয় প্রধানমন্ত্রী নেতৃত্বে দেশের উন্নয়নের ধারা অব্যাহত থাকার সাথে সাথে খেলা-ধুলার মানও উন্নতির দিকে এগিয়ে চলেছে। সকলকে মাদক পরিহারের অঙ্গীকার করতে হবে। একমাত্র খেলা-ধুলায় পারে যুবসমাজকে মাদক থেকে দুরে রাখতে। আমাদের যুবসমাজকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে খেলা-ধুলার বিকল্প নেই।

বিশেষ অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা ফুটবল এসোসিয়েশন এর সভাপতি মোঃ এখলাছ উদ্দীন সুজন বলেন, মাদকের ভয়াল থাবা থেকে আমাদের সন্তানদের দুরে রাখতে হবে। মাদক থেকে দুরে থাকতে হলে খেলা-ধুলার বিকল্প নেই। মাদকাসক্ত একটি সন্তান ওই পরিবারের অভিশাপ। একটি পরিবারকে ধ্বংশ করতে একজন মাদকাসক্ত সন্তানই যথেষ্ট। তাই অভিভাবকদেরও লক্ষ রাখতে হবে আপনার সন্তান কোথায় যায়, সে মাদকাসক্ত কিনা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী। জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি অধ্যক্ষ নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক ও সাবেক উপজেলা চেয়ারম্যান আব্দুল লতিফ অমল, আমজাদ হোসেন, সিরাজুল ইসলাম মাস্টার, আহসান কবীর রিপন মিয়া,নিশান তরফদার।

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদ এর সঞ্চালনায় আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন,রাজীব, রাশেদুল ইসলাম স্বপন, রাশেদুল ইসলাম রনি, হাফিজুর,আরিফ, নাজির,মুসা, আজাদ, হাসিবুল সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

মেডিক্যাল টিমের দায়িত্ব পালন করেন আবু বকর সিদ্দিক ও রাশিদুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দামুড়হুদা। রেফারির দায়িত্ব পালন করেন আব্দুস সবুর, একরামুল হাসান নিপুণ, তারিকুল ইসলাম আলো। ধারাভাষ্যকার ছিলেন শামীম খাঁন ও রাশেদ।